



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের
কার্যালয়, ফরিদপুর
স্বাস্থ্য শাখা
২ নং সড়ক, পশ্চিম গোয়ালচামট, ফরিদপুর।
dife.faridpur.gov.bd

SDG বাস্তবায়নে অংশীজনের অংশগ্রহনে সচেতনতামূলক সভার কার্যবিবরণী।


সভাপতি	সৌমেন বড়ুয়া উপ-মহাপরিদর্শক
সভার তারিখ	১১/০৬/২০২৪ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০:৩০ ঘটিকা
স্থান	সভাকক্ষ, উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর।
উপস্থিতি	পরিশিষ্ট ক

এসডিজি ইন্ডিকটর ৮.৮.১ (লিংগ ও অভিবাসনগত অবস্থাভেদে, পেশাগত কাজে মারাত্মক ও মারাত্মক নয় এমন আহত হবার ঘটনার হার কমিয়ে আনা) এবং কারখানায় শিশুকে শ্রমে নিয়োগ না দেওয়া এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে ফরিদপুর জেলা কার্যালয়ের আওতাধীন বিভিন্ন সেক্টরের মালিকগণের অংশগ্রহনে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর এর সচেতনতামূলক সভা ১১/০৬/২০২৪ খ্রি. তারিখ বেলা ১০.৩০ ঘটিকায় জনাব সৌমেন বড়ুয়া, উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ফরিদপুর এর সভাপতিত্বে অত্র অধিদপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার আহবান জানান। তিনি বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ বাস্তবায়ন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা নিয়ে আলোচনা করেন এবং ফরিদপুর জেলা কার্যালয়ের আওতাধীন বিভিন্ন সেক্টরের মালিকগণ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ বাস্তবায়নে সহযোগিতা করবেন মর্মে অংশীকারবদ্ধ হন। সভাপতি বিভিন্ন সেক্টরে নিয়মিত বৈদ্যুতিক ওয়ারিং পরীক্ষা করার পরামর্শ প্রদান করেন। অতঃপর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়-

ক্র.সং.	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	শিশুশ্রম নিরসন	এসডিজি টার্গেট অনুযায়ী বিভিন্ন সেক্টরকে শিশুশ্রম মুক্ত করার লক্ষ্যে সভায় উপস্থিত বিভিন্ন সেক্টরের মালিকগণকে সচেতন থাকতে হবে বলে সভাপতি মহোদয় জানান। আর তাই কোন শিশুকে শ্রমে নিয়োগ প্রদান করা যাবে না।	কোন শিশুকে শ্রমে নিয়োগ প্রদান করা যাবে না।	বিভিন্ন সেক্টরের মালিকগণ।

২	কর্মক্ষেত্রে দুর্ঘটনার হার কমানোর লক্ষ্যে সকলকে সচেতন থাকতে হবে। বিদ্যুৎ ও আগুনসহ সকল ধরনের দুর্ঘটনা থেকে নিরাপদ থাকতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হলে এবং সকল কর্মচারীকে এ সকল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হলে কর্মক্ষেত্রে দুর্ঘটনার হার কমিয়ে আনা সম্ভব হবে। বিভিন্ন সেক্টরের মালিক ও শ্রমিকগণের অংশগ্রহণে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা হলে তারা এ বিষয়ে আরও সচেতন হতে পারবে।	১। নিয়মিত বৈদ্যুতিক ওয়ারিং পরীক্ষা করতে হবে। ২। শ্রমিকদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে এবং উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করতে হবে।	বিভিন্ন সেক্টরের মালিকগণ ও সংশ্লিষ্ট এলাকার সকল শ্রম পরিদর্শক গণ
---	--	--	--

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০১-০৭-২০২৪

সৌমেন বড়ুয়া

উপ-মহাপরিদর্শক

১৭ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৪০.০১.২৯০০.১০১.০৬.০১৩.১৯.১০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান ও গবেষণা উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ২। সহকারী মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর;
- ৩। শ্রম পরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর;
- ৪। শ্রম পরিদর্শক (সাধারণ), দোকান ও প্রতিষ্ঠান শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর;
- ৫। শ্রম পরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর;
- ৬। শ্রম পরিদর্শক (রুটিন দায়িত্ব), সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর;
- ৭। শ্রম পরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর;
- ৮। শ্রম পরিদর্শক, দোকান ও প্রতিষ্ঠান শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর;
- ৯। শ্রম পরিদর্শক (সাধারণ) (চলতি দায়িত্ব), দোকান ও প্রতিষ্ঠান শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর এবং
- ১০। শ্রম পরিদর্শক (সাধারণ), দোকান ও প্রতিষ্ঠান শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, ফরিদপুর।




০১-০৭-২০২৪

সৌমেন বড়ুয়া

উপ-মহাপরিদর্শক